



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৪  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

৩০ আশ্বিন ১৪২৭

নং-১০.০০.০০০০.১২৮.১২.০০২.১৫(অংশ)-৩৬৮

তারিখ :-----

১৫ অক্টোবর ২০২০

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত আদালতে কর্মরত নাজিরগণ-কে দ্বিতীয় শ্রেণীর গেজেটেড পদ মর্যাদায় “প্রশাসনিক কর্মকর্তা” পদে পদোন্নতি প্রদানপূর্বক তাদের নামের পার্শ্বে বর্ণিত আদালতে ১৬০০০-৩৮৬৪০ (জাতীয় বেতন স্কেল’ ২০১৫) স্কেলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে স্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হলো।

০২। যে সকল নাজির ইতোমধ্যে ১৬০০০-৩৮৬৪০ বা তদূর্ধ্ব স্কেলে বেতন পাচ্ছেন তাদের বর্তমান আহরিত মূল বেতন বহাল ও বেতন নির্ধারণের ব্যবস্থা রেখে এই পদোন্নতির আদেশ জারি করা হলো।

শর্তাবলী :

নিয়োগের তারিখ হতে ০১ (এক) বছর শিক্ষানবিসি মেয়াদ বহাল থাকবে। শিক্ষানবিসি মেয়াদে তাদের কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে তাদের শিক্ষানবিসি মেয়াদ বিধি অনুযায়ী সর্বসাকুল্যে ০২ (দুই) বছর পর্যন্ত বর্ধিত করা হবে। শিক্ষানবিসি মেয়াদ (বর্ধিত মেয়াদ থাকলে তাসহ) সমাপনান্তে তাদের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক হলে বিধিমোতাবেক তাদের স্থায়ী করা হবে। শিক্ষানবিসি মেয়াদে তাদের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক না হলে কিংবা তাদের কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই মর্মে প্রতীয়মান হলে সেক্ষেত্রে তাদেরকে পূর্ব পদে প্রত্যাবর্তন করানো হবে।

ক্রমিক নং	নাম, পদবী, কর্মস্থল ও নিবাস	পদোন্নতিমূলে বদলীকৃত কর্মস্থল
১.	মোঃ কামাল উদ্দিন চৌধুরী নাজির চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, সিলেট। নিবাস : সিলেট।	প্রশাসনিক কর্মকর্তা মহানগর দায়রা জজ আদালত, সিলেট।
২.	এ.টি.এম, আঃ মতিন মোল্লা নাজির জেলা জজ আদালত, চাঁদপুর। নিবাস : চাঁদপুর।	প্রশাসনিক কর্মকর্তা জেলা জজ আদালত, ব্রাহ্মণবাড়িয়া।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

০৪। এতদসংক্রান্তে গত ১৪-১০-২০২০ তারিখের ১০.০০.০০০০.১২৮.১২.০০২.১৫(অংশ)-৩৬৪ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


স্বাঃ/-

(শাহরিয়ার মাহমুদ আদনান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৭৭৪১৬(অঃ)

চলমান পৃষ্ঠা/০২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. জেলা জজ, চাঁদপুর/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিলেট (পদোন্নতি প্রাপ্ত সংশ্লিষ্ট কর্মচারীকে আপনার কর্তৃক মনোনীত কর্মকর্তা/কর্মচারীর নিকট আগামী ২০/১০/২০২০ তারিখের মধ্যে বর্তমান পদের দায়িত্বভার অর্পণ করে অবিলম্বে পদোন্নতি প্রাপ্ত পদের নতুন কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করতে অনুরোধ করা হলো)।
৪. জেলা জজ, ব্রাহ্মণবাড়িয়া/মহানগর দায়রা জজ, সিলেট।
৫. মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৭. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, সিলেট।
৮. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, কক্ষ নং ৫০৩, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৯. উপপরিচালক, বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১০. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চাঁদপুর/ব্রাহ্মণবাড়িয়া।
১২. জনাব ....., নাজির, জেলা জজ আদালত, চাঁদপুর/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, সিলেট (পদোন্নতি প্রাপ্ত পদের নতুন কর্মস্থলে অবিলম্বে যোগদানের নির্দেশ প্রদান করা হলো)।

  
(শাহরিয়ার মাহমুদ আদনান)  
সিনিয়র সহকারী সচিব